

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৬৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - মানুষের মধ্যে পরিবর্তন আসা

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ تغير النَّاس)

আরবী

وَعَنْ حُذَيْفَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَقْتُلُوا إِمَامَكُمْ وَعَنْ حُذَيْفة أَنَّ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَقْتُلُوا إِمَامَكُمْ وَعَنْ حُنياكم شرارُكم» . رَوَاهُ التِّرْمِذِي

اسناده حسن ، رواه الترمذي (2170 وقال : حسن)

বাংলা

৫৩৬৪-[৫] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: ততক্ষণ পর্যন্ত কিয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ পর্যন্ত তোমরা নিজেদের খলীফাহ্ বা বাদশাহকে হত্যা না করবে, তলোয়ার দ্বারা একে অপরের সাথে যুদ্ধে লিপ্ত না হবে এবং তোমাদের মধ্যে সর্বাপেক্ষা খারাপ ব্যক্তি তোমাদের দুনিয়ার মালিক (শাসক) না হবে। (তিরমিযী)

ফুটনোট

যঈফ: ইবনু মাজাহ ৪০৪৩, তিরমিয়ী ২১৭০, যঈফ ইবনু মাজাহ ৮৭৬, য'ঈফুল জামি ৬১১১; কারণ 'আবদুল্লাহ ইবনু 'আবদুর রহমান আল আনসারী আল আশহালী ইবনু মাঈন বলেন, আমি তাকে চিনি না; সে য'ঈফ। যঈফাহ্ ২০৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حَتَّى تَقْتُلُوا إِمَامَكُمْ) যতক্ষণ না তোমরা তোমাদের খলীফাকে হত্যা করবে।
(وَتَجْتَلِدُوا بِأَسِيافَكُم) এবং তোমাদের তরবারি দ্বারা পরস্পরের মধ্যে মারামারি করবে।
(ويرَث دنياكم شرارُكم) অযোগ্য এবং যালিমরা অন্যায়ভাবে রাজত্ব ও সম্পদের উত্তরাধিকারী হবে।
অত্র হাদীসটি এ অধ্যায়ে নিয়ে আসার দ্বারা এ কথার প্রতি ইঙ্গিত করা হয়েছে যে, উক্ত ফিতনাহ্ সংঘটিত হওয়ার



কারণ হবে সৎকাজের আদেশ ও অসৎকাজের নিষেধ ছেড়ে দেয়ার জন্য। (তুহফাতুল আহ্ওয়াযী ৬/২১৭০, মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

 ${\it o}$ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85343

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন